

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৮  
ধর্মনগর, ২৯ মে, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**  
**ভোট গণনা নিয়ে উত্তর ত্রিপুরা জেলায়**  
**রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা**

উত্তর ত্রিপুরা জেলায় ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনের ভোট গণনার কাজ নিয়ে আজ উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ, উত্তর ত্রিপুরা জেলার ৭টি বিধানসভা ক্ষেত্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার প্রমুখ। সভায় বিজেপি ও সিপিআই(এম) দলের প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন। সভায় জেলা নির্বাচন আধিকারিক দেবপ্রিয় বর্ধন গণনাকার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। সভায় তিনি ভোট গণনার কাজ সংক্রান্ত বিভিন্ন নির্দেশিকা নিয়েও আলোচনা করেন।

\*\*\*\*\*